205

ভোরের কাগজ

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ৪ কলাম ১

# নির্দেশনাহীন স্নাতক (পাস) বাংলা সিলেবাস

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক (পাস) পরীক্ষা শুরু হবে আগামী ২৮/১০/৯৯ তারিখ থেকে। বাংলা (জাতীয় ভাষা) বিএ/বিএসএস/বিএসসি শ্রেণীর আবশ্যকীয় বিষয়, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত সিলেবাসে নম্বর বিভাজন সঠিকভাবে দেওয়া হয়নি যে কারণে ছাত্র, শিক্ষক সিদ্ধান্তহীনতায় ভুগছে। যেমন গল্প, কবিতা ও প্রবন্ধে প্রতিটিতে দেওয়া আছে ২০ নম্বর। তবে মূল প্রশ্নে কতো এবং ব্যাখ্যায় কতো তার উল্লেখ নেই। গল্প, কবিতা ও প্রবন্ধ থেকে কয়টি প্রশ্নের উত্তর লিখতে হবে তা নির্দিষ্ট করে বলা নেই। তাছাড়া গল্প, কবিতা, প্রবন্ধের মধ্য থেকে যদি একটি করে উত্তর লিখতে হয় তাহলে বিকল্প প্রশ্ন কয়টি থাকবে? যেমন ১৯৯৭ সালে যেকোনো তিনটি প্রশ্ন থেকে একটির উত্তর লিখতে হতো কিন্তু ১৯৯৮ সালে যেকোনো দুটি থেকে একটির উত্তর লেখার জন্য বলা হয়েছে। তা হলে ১৯৯৯ সালে কিভাবে প্রশ্ন হবে? তাছাড়া ব্যাকরণ অংশের নম্বরের বিভাজনও অস্পষ্ট। যে কারণে বিভিন্ন কলেজের বার্ষিক ও নির্বাচনী পরীক্ষায় বিভিন্ন পদ্ধতির অনুসরণ করতে দেখা গেছে।

বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনোযোগ প্রার্থনা করছি।

মোহাম্মদ আজিজুল হক
প্রভাষক বাংলা বিভাগ
সরকারি গুরুদয়াল কলেজ
কিশোরগঞ্জ।